REG. NO. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৮ই মাঘ বুধবার ১৩৩৪ ইংরাজী 1st February 1928. | ৩৪শ সংখ্যা।

জঙ্গিপুর সংবাদের বিজ্ঞাপন নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ২৲ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

মুরারি বটিকা।

সর্ব্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযুক্ত ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানয় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র।

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী
১০নং ডিহি ইটালী রোড, কলিকাতা।

হিলিংবাম

গত ৩৪ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৸০

স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজ

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায়
নিরাপদ
হইতে
হইলে



ইহার
প্রত্যেক
বিন্দুটিই
অব্যর্থ

কলেরাবিষ্ট
রক্ষা করিয়া
রাখা
উচিত।

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যঃ দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ।

১৮ই মাঘ বুধবার ১৩৩৪ সাল।

মটর যাত্রী ও জঠর যাত্রী।

—•—

কে যায় কাঙ্গাল! কে যায় কাঙ্গাল!
রাজপথের ঐ মাঝ দিয়ে,
নেংটা গায়ে নেংটা পায়ে
মাথায় ন্যাকড়া-তাজ দিয়ে।

হট যাও পাজি! নিগার! শূয়ার!
মোটর গাড়ীও কয় রে,
ভারী উৎপাত, ধর ফুটপাথ,
এ পথ তোদের নয় রে।

তবুও চলিছে বেকুব বাঙ্গালী
হট্ যাও পাজী শালা!
পাশেও চলে না, কিছুই বলে না,
বুড়ো বুঝি কাণে কালা।

কি বুঝিবে ধনি! যে ধ্বনি ধ্বনিছে,
মরমে মরমে তার,
জঠরে জ্বলিছে কঠোর আগুন
সারাদিন অনাহার।

চোক কাণ আর সকল অঙ্গ
ছাড়িয়া গিয়াছে তারে,
উদর কেবল মমতা করিয়া
আজও তারে নাহি ছাড়ে।

তোমাদের তরে রাজপথ শুধু
তার নয়, সে তা জানে,
জানিলে কি হবে? এ অনধিকার
কেবলি পেটের টানে!

মোটরে চাপিয়া মার যদি তারে
মরিয়া বাঁচিবে সে,
প্রাণে মেরে আজি বাঁচায় তাহারে
এহেন দরদী কে?

ভুখা লোক ছাড়া পায়দল চলে
কম আছে হেন লোক,
মোটর 'হর্ণে' বলে তাই সদা
ভোক ভোক ভোক ভোক।

ব্যাঘ্র শিকার।

—•—

গত ১৬ই মাঘ সোমবার সকালবেলা রঘুনাথগঞ্জ থানার অধীন আইলেরউপর গ্রাম এক ব্যাঘ্র বাহির হয় এবং ৩টী লোককে সাংঘাতিকভাবে জখম করে। সংবাদ পাইবমাত্র শ্রীযুক্ত বাবু গোকুলচন্দ্র রায় ঘটনাস্থলে গমন করেন। তিনি মাত্র তিন চারিজন লোক সঙ্গে করিয়া জঙ্গল মধ্যে প্রবেশ করিয়া বাঘের সন্ধান পান। ছয় হাত দূর হইতে বাঘটাকে গুলি করেন। তিনটা গুলি খাইয়া বাঘটা মৃত্যু মুখে পতিত হয়। বাঘটী সাড়ে চারি হাত লম্বা। গোকুল বাবু একনলা বন্দুকে এই প্রকাণ্ড বাঘ মারিয়া তাঁর অসমসাহসিকতার পরিচয় দিয়াছেন।

বঙ্গে শিশু মৃত্যু।

—•—

বঙ্গদেশের স্বাস্থ্যবিভাগের ডাইরেক্টর ডাক্তার বেণ্টলি গত রবিবারে একটী সভাতে বক্তৃতাকালে, বঙ্গদেশে শিশু মৃত্যুর এবং প্রসূতির যে ভয়াবহ বর্ণনা করিয়াছেন, তাহা মনে হইলে শরীর কণ্টকিত হইয়া উঠে। তিনি বলিয়াছেন যে, বঙ্গদেশের দারিদ্র্যের অন্যতম প্রধান কারণ—শিশু-মৃত্যু। তিনি বলেন যে ১৯২৬ খৃষ্টাব্দে সমগ্র বঙ্গদেশে ৬০ হাজার মৃত শিশু ভূমিষ্ঠ হইয়াছিল, এক লক্ষ একত্রিশ হাজার শিশু, একমাস বয়সের মধ্যেই মারা গিয়াছে, এক মাস হইতে ছয় মাস বয়সের মধ্যে ৬৮ হাজার শিশু যমালয়ে গমন করিয়াছে, ছয়মাস হইতে এক বৎসর বয়সের মধ্যে ৫১ হাজার শিশুর মৃত্যু হইয়াছে, এবং এক বৎসর হইতে পাঁচ বৎসর বয়সের মধ্যে এক লক্ষ ৫৮ হাজার শিশু মারা গিয়াছে। অর্থাৎ মোটের উপর ভূমিষ্ঠ হইবার পর হইতে ৫ বৎসর বয়সের মধ্যে এদেশে এক বৎসরে চারি লক্ষ নয় হাজার শিশুর মৃত্যু হইয়াছে।

প্রকৃত মৃত্যু সংখ্যা যে ডাক্তার বেণ্টলির কথিত মৃত্যুসংখ্যা হইতে অনেক বেশী, তাহা বলাই বাহুল্য। কারণ মফস্বলের অধিকাংশ স্থলেই ৫ বৎসরের অনধিক বয়স্ক শিশুর মৃত্যু সংবাদ যথারীতি থানাতে প্রদত্ত হয় না। সুতরাং ১৯২৬ খৃষ্টাব্দে যে মোটের উপর পাঁচ লক্ষ শিশুর মৃত্যু হইয়াছিল, এরূপ অনুমান করা বোধ হয় অন্যায় হইবে না।

ইহার উপর ঐ বৎসর পাঁচ বৎসর হইতে দশ বৎসর বয়সের মধ্যে ৮৭ হাজার এবং ১০ হইতে ১৫ বৎসর বয়সের মধ্যে ৫০ হাজার বালক-বালিকার মৃত্যু হইয়াছে। ডাক্তার বেণ্টলি বলেন যে, উপার্জ্জনক্ষম হইবার পূর্ব্বেই এদেশের অন্যূন সাড়ে পাঁচ লক্ষ লোক অকালে কালগ্রাসে পতিত হইয়াছে। যদি ইহারা যৌবনের পূর্ব্বেই মারা না পড়িত, তাহা হইলে ইহারা যে, যেরূপেই হউক কিছু না কিছু উপার্জ্জন করিত তাহাতে সন্দেহ নাই। দেশ ইহাদের উপার্জ্জন হইতে বঞ্চিত হইয়াছে, দেশের দারিদ্র্য বৃদ্ধির ইহা একটা সামান্য কারণ নহে।

আলোচ্য বৎসরে বঙ্গদেশে, সন্তান প্রসবের সময় অথবা সূতিকাগারে পীড়ায় আক্রান্ত হওয়াতে ৬০ হইতে ৭০ হাজার জননীর মৃত্যু হইয়াছে। শিশুমৃত্যু অপেক্ষা জননীর মৃত্যুতে দেশের অধিক ক্ষতি হয়, কারণ তাহাতে প্রজা বৃদ্ধির পথ রুদ্ধ হয়। ডাক্তার বেণ্টলি বলেন যে, যদি কোনরূপে এই শিশুমৃত্যু ও প্রসূতির মৃত্যু সংখ্যা হ্রাস করিতে পারা যায়, তাহা হইলে বঙ্গদেশ অপেক্ষাকৃত সম্পত্তিশালী হইবে। এই মৃত্যুসংখ্যা হ্রাস করিতে পারা যায় কিনা, এই প্রশ্নের উত্তরে তিনি বলিয়াছেন যে অনেকে ইহা অসম্ভব বলিয়া মনে করিলেও তিনি ইহা সম্ভব বলিয়া মনে করেন, তবে ইহা প্রচুর অর্থ সাপেক্ষ। স্ত্রীলোকদিগের মধ্যে সন্তানপালন সম্বন্ধে জ্ঞান বিস্তারের জন্য বহুসংখ্যক শিক্ষিত কর্ম্মী আবশ্যক।

নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৫ই ফেব্রুয়ারী ১৯২৮।

৩৩৯ খাং ডিঃ পঞ্চানন চট্টোপাধ্যায় দেং যোগীন্দ্র নাথ সাহা দিং দাবি ১২৭৲ পং রুকুনপুর মৌজে নিজ শিবপুর ৩২/০ কাত ২৮৶৮ আঃ ৫০৲

৪৪১ খাং ডিঃ নলিনীমোহন ঘোষ দেং ইয়ার সেখ দাবি ১৪৸০ পং ও মৌজে বহুতালী ৸০ কাত ১৶৫ আঃ ১০৲

৪৪২ খাং ডিঃ ঐ দেং এলাহি সেখ দাবি ১৭।/০ পং ও মৌজে বহুতালী ১/২ কাত ১।৶১০ আঃ ১০৲

৫৪০ খাং ডিঃ যোগেশ্বর চন্দ্র দিং দেং নগেন্দ্র নারায়ণ রায় দিং দাবি ৬৩১৲ মৌজে হিলোড়া, হায়ের ১০৮৶০ টাকা জমা আঃ ৫০০৲

৫৬৯ খাং ডিঃ প্রবোধকৃষ্ণ সেনগুপ্ত দেং জ্ঞানদাসুন্দরী বর্ম্মণ্যা দাবি ৪৫৲ পং গনকর ৩/০ কাত ৬৲ আঃ ৩০৲

৬২৯ খাং ডিঃ পাঁচুসুন্দরী দেবী দেং হাউসতুল্লা মুন্সি দাবি ৫৯৲ পং গনকর মৌজে চক রাধানগর ১৫/৩ কাত ২২॥৶১২ আঃ ৫০৲

৬২২ খাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং রাজেন্দ্র নারায়ণ দাস দাবি ১০॥৶০ পং লস্করপুর মৌজে রামেরগ্রাম ।৩ কাত ৸/৪ আঃ ৫৲

৬২৩ খাং ডিঃ ঐ দেং হরিশচন্দ্র রায় দিং দাবি ২৭৲ পং লস্করপুর মৌজে রামেরগ্রাম ৩।২ কাত ৩।৬ আঃ ১৫৲

৬২৪ খাং ডিঃ ঐ দেং সেরাফৎ মণ্ডল দাবি ১৪৶০ পং লস্করপুর মৌজে রামেরগ্রাম ১৸০। কাত ১।০ আঃ ৫৲

৬২৫ খাং ডিঃ ঐ দেং হরিশচন্দ্র রায় দিং দাবি ১৫।০ পং লস্করপুর মৌজে রামেরগ্রাম ১/৪॥ কাত ১॥৩ আঃ ৫৲

৬৫৪ খাং ডিঃ ঐ দেং পঞ্চানন ঘোষ দাবি ৫২/০ পং রুকুনপুর মৌজে ডেনিশগঞ্জ ৵১২১৩॥৶ কাত ৮৲ আঃ ২৫৲

৬৫৯ খাং ডিঃ ঐ দেং হেমন্ত দাসী দিং দাবি ২৬।৶৩ পং রুকুনপুর মৌজে একবরপুর ২।১॥ কাত ৫॥৶৬ আঃ ১৫৲

৬৬০ খাং ডিঃ ঐ দেং মনোহর দাস দাবি ১২৶০ পং কুণ্ডরপ্রতাপ মৌজে চাঁদামারী ৸৪।৶ কাত ৸৶৬ আঃ ১০৲

৬৬৪ খাং ডিঃ সরোজিনী দেবী দেং হাজি আমু সেখ দিং দাবি ১৮০/০ পং সুলতানউজিয়ান মৌজে হারুয়া ৩২/১॥ কাত ২৭৸/০ আঃ ১০০৲

৫৬৩ মনি ডিঃ সুগনচাঁদ সেরাউগী দেং অহেদবক্স সেখ দাবি ২২।৶৯ পং ও মৌজে লোহরপুর ।১ কাত ১॥০ আঃ ২০৲

চৌকি জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৮ই ফেব্রুয়ারী ১৯২৮।

৩ খাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং মহাম্মদ সেখ দিং দাবি ৪৩৸৶৬ মৌজে নতুনাগ্রাম ৮॥২ কাত ৬/১৭॥ আঃ ৪০৲

৫৬ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং আমজাদ হোসেন দাবি ৩০॥৶০ পং রুকুনপুর মৌজে বেওয়া ২—৯৫ কাত ৩৸৶৯ আঃ ২০৲

৫২৮ খাং ডিঃ ঐ দেং ভাগিয়া বেওয়া দাবি ২২।৩ পং রুকুনপুর মৌজে গোবিন্দরামপুর ৬৭ শতক কাত ২।৩ আঃ ২০৲

৫২৯ খাং ডিঃ ঐ দেং রহমানী মিরজা দাবি ১২৸৩ পং রুকুনপুর মৌজে বেনিয়াগ্রাম ৮ শতক কাত ॥৶০ আঃ ৫৲

৫৩০ খাং ডিঃ ঐ দেং মহেশচন্দ্র রায় দাবি ১৮॥/০ পং রুকুনপুর মৌজে গোবিন্দরামপুর ৩৩ শতক কাত ২।৬ আঃ ১৫৲

৫৭১ খাং ডিঃ ঐ দেং ইশু মোল্লা দিং দাবি ১২।৶১০ পং রুকুনপুর মৌজে বেনিয়াগ্রাম ৪৭ শতক কাত ১৶৩ আঃ ১০৲

৫৭২ খাং ডিঃ ঐ দেং অভিলাষ মণ্ডল দিং দাবি পং রুকুনপুর মৌজে বেওয়া ২—৩৮ কাত ৩।/৯ আঃ ২০৲

৫৭৫ খাং ডিঃ ঐ দেং এমারত মণ্ডল দিং দাবি ৩৬৶০ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর ১—৭৭ কাত ৪॥৶৯ আঃ ২৫৲

৫৭৬ খাং ডিঃ ঐ দেং এলোকেশী দাসী দাবি ২৯॥৶৯ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর ৮১ শতক কাত ২৸/৯ আঃ ২০৲

৫৭৮ খাং ডিঃ ঐ দেং এলোকেশী দাসী দাবি ৪২॥৶৩ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর ২—২৬ কাত ৪॥৶৯ আঃ ৪০৲

জঙ্গিপুর সংবাদের

ক্রোড় পত্র।

১৮ই মাঘ বুধবার ১৩৩৪, ইংরাজী ১লা ফেব্রুয়ারী ১৯২৮।

সাবাস চট্টগ্রাম।

চট্টগ্রাম মিউনিসিপালিটীর কর্ত্তৃপক্ষ ব্যবস্থা করিয়াছেন যে, মিউনিসিপাল এলাকার মধ্যে আট বৎসর হইতে ১০ বৎসর পর্য্যন্ত প্রত্যেক বালক বালিকাকেই বিদ্যালয়ে প্রেরণ করিতে হইবে, যদি কোন বালক বা বালিকার অভিভাবক এই ব্যবস্থা লঙ্ঘন করে, তবে তাহাকে দণ্ডিত হইতে হইবে। বালকগণের অধ্যাপনার জন্য চট্টগ্রাম মিউনিসিপাল এলাকার মধ্যে ইতোমধ্যে চল্লিশটি বিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে। ঐ সকল বিদ্যালয় মধ্যে কয়েকটী অস্পৃশ্য জাতীয়দের জন্য নির্দ্দিষ্ট হইয়াছে। এই বাধ্যতামূলক শিক্ষা প্রবর্ত্তনের জন্য যে ব্যয় হইবে, তাহার অর্দ্ধেক মিউনিসিপালিটী এবং অর্দ্ধেক গভর্ণমেণ্ট বহন করিবেন। বঙ্গ দেশের মিউনিসিপালিটী সমূহের মধ্যে চট্টগ্রাম মিউনিসিপালিটীই সর্ব্বাগ্রে এই বাধ্যতামূলক শিক্ষা প্রচারে হস্তক্ষেপ করিয়া অন্যান্য মিউনিসিপালিটীর আদর্শ-স্থানীয় হইয়াছেন সন্দেহ নাই। আমরা এই কৃতিত্বের জন্য চট্টগ্রাম মিউনিসিপাল সদস্যগণকে এবং তাহার চেয়ারম্যানকে অভিনন্দিত করিতেছি।

কলিকাতার বহুদর্শী ডাক্তার ও কবিরাজগণ কর্ত্তৃক বিশেষভাবে পরীক্ষিত ও প্রশংসিত।

নূতন জ্বর চব্বিশ ঘণ্টায় আরোগ্য।

বেঙ্গল আয়ুর্বেদিক ওয়ার্কস
ট্রেড মার্ক
চাঁদ মার্কা পাঁচন

পুরাতন জ্বর তিনদিনে আরোগ্য।

দেশী গাছগাছড়া ও ধাতুঘটিত উপকরণে প্রস্তুত বলিয়াই এদেশীয় রোগীর পক্ষে এত ফলদায়ক।

যথার্থই পাঁচন—জ্বরের ব্রহ্মাস্ত্র আবার সালসার কাজ করে।

জ্বর বন্ধের পরও কয়েক দিন সেবন করিলে জ্বরের কীটাণুগুলি একেবারে নষ্ট করিয়া ক্ষুধাবৃদ্ধি

প্রতি শিশি ॥০ আনা।] এবং শরীর সুস্থ ও সবল করে। [প্রতি শিশি ॥০ আনা।

ইহা সেবনে নূতন পুরাতন ম্যালেরিয়া, কুইনাইন আটকান, প্লীহা ও লিভারঘটিত, পালা, কম্প প্রভৃতি যে কোন প্রকারের জ্বর হউক না কেন, নির্দ্দোষভাবে আরোগ্য হয়। উপকার দেখিয়া বিস্মিত হইবেন।

চিঠি লিখিবার ঠিকানা—বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

বিপুল আয়োজন ! শীতবস্ত্র খরিদের অভাবনীয় সুযোগ।

মোকামের সহিত বিশেষ বন্দোবস্ত করিয়া এ বৎসরের দর আশাতীত সুলভ করিতে সমর্থ হইয়াছি। অন্য স্থানে খরিদ করিবার পূর্ব্বে আমাদের নিকট দর যাচাই করিয়া দেখুন দর কত সস্তা।

কৃষ্ণলাল মণিলাল

এণ্ড কোং

২০৭-৩ হ্যারিসন রোড (বড়বাজার) কলিকাতা।

শাল, আলোয়ান, ধোসা, মলিদা, র‍্যাগ, কম্বল, সোয়েটার, ফ্লানেল, সার্জ্জ, বনাত প্রভৃতি সকল রকম গরম কাপড়। বিবাহের উপযোগী সকল রকম কাপড় জামা, বেনারসী পার্শী বোম্বাই সাড়ী, তসর, গরদ, চেলী, সার্ট, কোট, সেমিজ, সায়া, জ্যাকেট, ব্লাউজ ইত্যাদি তৈয়ারী পোষাকের বিপুল আয়োজন। পছন্দ না হইলে মূল্য ফেরত। মফস্বলের অর্ডার অতি যত্নের সহিত দেখিয়া ভিঃ পিতে সরবরাহ করিয়া থাকি।

গর্ভনিবারণ চূর্ণ।

—•—

রুগ্না বা দরিদ্র রমণীগণ ইহা ব্যবহার করিয়া যতকাল আবশ্যক তাঁহাদের গর্ভসঞ্চার বন্ধ রাখিতে পারেন। ইহাতে জরায়ু বা ডিম্বকোষ (ওভেরী) চির দিনের মত নষ্ট করে না। ঔষধ বন্ধ করিলেই আবার গর্ভগ্রহণ শক্তি জন্মে। ইহাতে স্ত্রীলোকের স্বাস্থ্য বিন্দুমাত্রও নষ্ট হয় না, বরং যৌবন শোভা দীর্ঘস্থায়ী হয়। ব্যবস্থা পত্রে সকল গোপনীয় কথা লেখা থাকে। টিকিট দিলে পত্রের উত্তর দেওয়া হয়। দারিদ্র দেশে অবাধে ব্যবহারের নিমিত্ত এবং গুণ প্রচারার্থ আপাততঃ দীর্ঘকালের উপযোগী এক কৌটার মূল্য ডাঃ মাঃ সহ ১।০ এক টাকা চারি আনা।

ঠিকানা—

মেসার্স বি, দে, এণ্ড সন্স।

পোঃ বারদী, জিলা ঢাকা।

মাভৈঃ ! মাভৈঃ !!

কলেরা বিজয়।

ভীষণ কলেরার জন্য ভীত হইবেন না। নিম্ন ঠিকানা হইতে কলেরা বিজয় নামক ঔষধটী সংগ্রহ করিয়া রাখুন। নিকটে কলেরা দেখা দিলে বা পাতলা দাস্ত হইলে ব্যবস্থামত ব্যবহার করাইয়া সকলকে উক্ত ব্যাধির হস্ত হইতে মুক্তি প্রদান করুন। প্রারম্ভে সেবনে রোগ অঙ্কুরে বিনষ্ট হয়। শিশু ও গর্ভিণী নির্ভয়ে সেবন করিতে পারে। বহু পরীক্ষিত বলিয়া প্রতি গৃহে রাখিতে এবং সময়ে ব্যবহার করিতে অনুরোধ করি। অনুরোধ রক্ষা করিলে অর্থ নষ্ট ও শারীরিক কষ্ট হইতে অব্যাহতি পাইবেন। অলমতি বিস্তরেন। মূল্য মাত্র ॥০ আট আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাঃ শ্রীসীতানাথ দাস,

ই, এচ, পি, এণ্ড এচ, পি, পি।

সর্ব্বমঙ্গলা ঔষধালয়।

হামরুল, রাজগাঁ, বীরভূম।

ব্র্যাঞ্চ :—রাজগাঁ, বীরভূম

২৯৯ খাং ডিঃ রাজা ভূপেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং এনাত সেখ দাবি ১১৯।৶০ পং কোঙরপ্রতাপ মৌজে রামভদ্রপুর ১৮॥২॥ কাত ৩৮।৵৯ আঃ ৫০৲

৩৬০ খাং ডিঃ ভজহরি নাথ দিং দেং জগবন্ধু সিংহ দাবি ২০৸০ পং নওয়ানগর মৌজে বাঘা ৯৸০ কাত ৪।০ আঃ ১৫৲

৩৮৬ খাং ডিঃ নলিনীমোহন ঘোষ দেং মোনাব খাঁ দাবি ১৮।৶০ পং মঙ্গলপুর মৌজে উমরপুর ১॥০ কাত ১।৶১৫ আঃ ১০৲

৪৩৮ খাং ডিঃ শরৎকুমারী দেবী দেং জবেদ সেখ দিং দাবি ২৩।৵৬ পং গনকর মৌজে পাউলী ৫৵০ কাত ৬৸০ আঃ ৫৲

৫১৬ খাং ডিঃ নির্ম্মল কুমার সিংহ নওলাক্ষা দেং শশী বিবি দিং দাবি ১২॥৶০ পং কোঙরপ্রতাপ মৌজে মিলকী ১॥০কাত ৸০ আঃ ৫৲

৫৪৩ খাং ডিঃ সাজ্জাদ আহাম্মদ চৌধুরী দিং দেং হেমন্ত কুমার ঘোষ দাবি ১৩০।৵৩ পং কোঙরপ্রতাপ মৌজে লালপুর ।৩৯ ধুল কাত ২১৸০ আঃ ১০০৲

৬৩৮ খাং ডিঃ ঐ দেং নজর্দ্দি সেখ দাবি ৫২৲ পং কোঙরপ্রতাপ মৌজে লালপুর ৯৸২৫ কাত ১০।৶৯ আঃ ৫০৲

৫৮৫ খাং ডিঃ মহম্মদ হজরতালি বিশ্বাস দেং মানসাব আলি মিঞা দাবি ২৮৲ পং কোঙরপ্রতাপ মৌজে কাঁকুড়িয়া ।৪৲১৪ কাত ৩৲ আঃ ১৫৲

৬১১ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং পরিজন বিবি দাবি ৫৪।৵০ পং গোয়াস মৌজে সাওরাইল ৩॥৩ কাত ৭৸৫ আঃ ৪০৲

৬৪৫ খাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং সেরাজুদ্দিন বিশ্বাস দিং দাবি ২০৲০ মৌজে গাজিনগর ৬০ ডিসমেল কাত ২৲০ আঃ ৫৲

৬৪৬ খাং ডিঃ ঐ দেং মহাম্মদ আলি বিশ্বাস দিং দাবি ৫৯৵১৫ মৌজে গাজিনগর ২০২ ডিসমেল কাত ৭॥৲১ পাই আঃ ২৫৲

৬৫২ খাং ডিঃ শশাঙ্কশেখর রায় দিং দেং আমানুল্লা মির্জ্জা দাবি ২৩০৲৯ ১১৭নং তৌজিভুক্ত মহাল দরপত্তনী স্বত্ব জমা ৩৬৲ আঃ ১০০৲

৪১৯ স্বত্ব ডিঃ ঈশ্বরচন্দ্র সরকার দেং ফুদনকুমারী দাস্যা দাবি ৫৬৯৲ পং একবরসাহি মৌজে চাঁদপাড়া ১১॥২ কাত ১৪।৶০ আঃ ৪০০৲

৪২২ অন্য ডিঃ জিল্লার রহমান মোল্লা দেং জুবেদ সেখ স্বয়ং দিং দাবি ১১৯।৵৯ পং গোয়াস মৌজে কড়াইয়া ২৲৩ কাত ৸০ পুষ্করিণী ৬ অংশ আঃ ২৫৲ ২নং লাট পরগণাদি ঐ ৯।২ কাত ২৩৵১৩ মহকুব আসান ১৲০ বাদে ২৫৵১৩ জমার জমির অন্তর্গত ৭॥০ বিঘার কাত ১৪৲ যাহা কড়েয়া যৌথ ব্যাঙ্কে মর্গেজ আছে উক্ত মর্গেজের দায়সংযোগে নীলাম হইবে আঃ ৬০৲

৪৯৯ মর্গেজ ডিঃ সারদা বেওয়া দেং সোহাগী বেওয়া দাবি ২৬৩৲ পং মুরারীপুর মৌজে যাদবপুর ৫৲০ কাত ৫৲ আঃ ৫০৲

স্পর্দ্ধা না ধৃষ্টতা ?

আজকাল পেটেন্ট ঔষধের নাম শুন্‌লেই লোকে নাক সিট্‌কিয়ে থাকেন। পেটেন্ট ঔষধ আবিষ্কারক ও বিক্রেতাগণ নিজের ঢাক নিজে বাজাতে কসুর করেন না। বহুদিন ধ'রে ম্যালেরিয়ার কেন্দ্রস্থলে ম্যালেরিয়ার কারণ নির্দ্ধারণ ও চিকিৎসার জন্য বাস ক'রে ডাঃ আর, ব্যানার্জ্জি "জ্বরাঙ্কুশ" নাম দিয়ে ম্যালেরিয়ার ঔষধ আবিষ্কার ক'রেছেন। দাম মাত্র ॥৶০ আনা। সব ঔষধের চেয়ে এই ঔষধ ভাল এ স্পর্দ্ধা আমরা করি না। তবে বুক ঠুকে বড় গলায় ব'লতে পারি এত সুলভে ম্যালেরিয়া জ্বর, প্লীহা যকৃত সংযুক্ত জ্বর, রক্তাল্পতা, কামলা প্রভৃতির উপকার হয় এমন ঔষধ বাজারে বিরল। এক শিশি ব্যবহার ক'রে এই ঔষধের উপকারিতাসহ আমাদের কথার সত্যতা পরীক্ষা করুন ইহাই প্রার্থনা। ডজন ৬৲ ছয় টাকা।

সোল এজেন্ট :—ব্যানার্জ্জি কোং।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

=সুরবল্লী কষায়=

—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

দৌর্ব্বল্য

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংসপেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যাপথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

চর্ম্মরোগ

থোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

সুরবল্লী কষায়
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১॥০ টাকা
তিন শিশি ৩৸০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

সি, কে, সেন এণ্ড কোং লিঃ,
২৯, কলুটোলা,
কলিকাতা।

ডু-সংবাদ ! ডু-সংবাদ ! ডু-সংবাদ !

আর ভাবিতেছেন কেন ?

ঘরে বসিয়া কলিকাতার দরে মাল

অর্থ উপার্জ্জনের চমৎকার উপায় সামান্য পুঁজিতে লাভবান হইবার অদ্বিতীয় পন্থা,

সখ মিটাইবার উপযুক্ত সময়।

মোটর কার, মোটর বাস, মোটর লরি।

ফোর্ড, চেভ্রলেট এবং ডজ ব্রাদার্সের

যে কোন প্রকারের গাড়ী, নগদ বা সহজ কিস্তিতে যেমন ইচ্ছা পাইতে পারিবেন। বিস্তারিত বিবরণের জন্য অদ্য পত্র লিখুন বা স্বয়ং দেখা করুন।

মুখার্জ্জী ব্রাদার্স, মোটরকার এজেন্টস,
খাগড়া, (মুর্শিদাবাদ।)

দুঃখময় জীবন হয় কেন ?

পূর্ব্বে জানিতে পারিলে কাহাকেও দুঃখ ভোগ করিতে হয় না। শরীর অসুস্থ হইবার অগ্রে যদি স্বাস্থ্য অক্ষুণ্ণ রাখিবার নিয়মগুলি জানিয়া রাখা যায়, তবে কাহাকেও দুঃখ ভোগ করিতে হয় না। শরীরের প্রধান শক্তি শুক্র, উহার অপব্যবহার না করিলে শরীরও অসুস্থ হয় না, জীবনে দুঃখও পাইতে হয় না। শুক্র সতেজ থাকিলে কাজ কর্ম্ম করিতে ইচ্ছা জন্মে, কার্য্য করিবার ক্ষমতা থাকিলে জীবনে কাহারও কষ্ট সহ্য করিতে হয় না। জীবনে অশান্তি আনয়ন করিতে যদি ইচ্ছা না থাকে তবে "আতঙ্ক নিগ্রহ বটিকা" সেবন করুন। ইহা ব্যবহারে স্বপ্নদোষ, ধাতুদৌর্ব্বল্য, কোষ্ঠকাঠিন্য, অজীর্ণ, অগ্নিমান্দ্য, শুক্রক্ষয়জনিত মাথাধরা, মাথাঘোরা, অকালিক ক্ষয়, শুক্রতারল্য, প্রস্রাব সম্বন্ধীয় যাবতীয় পীড়া নিবারণ হয়। এই বটিকা স্ত্রীলোকের যাবতীয় ব্যাধিও উপশম করিয়া থাকে। সেবনকালে বাঁধিবাঁধি কোন নিয়ম পালন করিতে হয় না। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান :—

আতঙ্ক নিগ্রহ ফার্ম্মাসী।

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।

জঙ্গিপুর সংবাদ আফিস।

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ইলেক্ট্রিক সলিউসন্

মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ [illegible] দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ [illegible] দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাশি, [illegible]র পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসা যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাত্রা ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১॥০ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

সুরমা

ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৴০ এক টাকা পাঁচ আন।

সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৌকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

বিনা অস্ত্রে আরোগ্য



অপেরীণ।

ডাক্তার বি, এন, রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে নাকো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন করে লোক কি যন্ত্রণা ভোগে।
প্রথম অবস্থাতে যদি করেন ব্যবহার,
একেবারে বসে যাবে পাকবে নাকো আর।
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হবে না আর ছুরী দিয়ে কেটে।
দামও মোটে একটী টাকা মাশুল আট আনা,
ফতেপুর, গার্ডেনরীচ (কলিকাতা ঠিকানা)।
ডাক্তার বি, এন, রায় এই ঠিকানায় থাকে,
ঔষধ পাইতে হইলে পত্র লিখুন তাকে।

দামোদর সুধা।

ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন ও পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বরের অব্যর্থ মহৌষধ। মূল্য ॥৵০ দশ আনা।

স্পিরিট ক্যাম্ফর

ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৵০ ছয় আনা একত্রে ৩ শিশি ১৲

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত